

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী শাখা
ঢাকা

১৯.০০.০০০০.২১৫.৭৫.০২৪.১০/৭৭৪

১১ এপ্রিল ২০১৯

প্রেরক : সুবর্ণা শামীম
সহকারী সচিব (এমইএ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক : জনাব মোঃ নজরুল ইসলাম
মহাপরিচালক (এমইএ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

বিষয় : আগামী ১৫-১৮ এপ্রিল ২০১৯ তারিখে নিউইয়র্ক জাতিসংঘের সদর দপ্তরে অনুষ্ঠিতব্য “Financing for Development (FFD)”-এর চতুর্থ সভায় অংশগ্রহণের জন্য জনাব মোঃ নজরুল ইসলাম, মহাপরিচালক (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে ১৫-১৮ এপ্রিল ২০১৯ তারিখে নিউইয়র্ক জাতিসংঘের সদর দপ্তরে অনুষ্ঠিতব্য “Financing for Development (FFD)”-এর চতুর্থ সভায় অংশগ্রহণের জন্য জনাব মোঃ নজরুল ইসলাম, মহাপরিচালক (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করছে।

২। উপর্যুক্ত সফরে যোগদানের জন্য আপনি আগামী ১৪ এপ্রিল ২০১৯ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং উপর্যুক্ত সভায় যোগদান শেষে আগামী ১৯ এপ্রিল ২০১৯ বা এর নিকটবর্তী সময়ে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

৩। উপর্যুক্ত সফরে অংশগ্রহণ সংক্রান্ত ব্যয়ভার ‘Support to Bangladesh’s Smooth and Sustainable Graduation from LDC Status Project’ শীর্ষক প্রকল্প থেকে নির্বাহ করা হবে।


৪। বর্ণিত সফরে অংশগ্রহণ ও ভ্রমণকাল সরকারী কাজে কর্তব্যরত হিসেবে গণ্য হবে।

৫। এই সফরে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(সুবর্ণা শামীম)
সহকারী সচিব (এমইএ)
ফোন : ৪৭১১০৬৪২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২-তলা সরকারী ভবন, (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা
০২. পরিচালক (অর্থ/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৩. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
০৪. সিনিয়র সহকারী/সহকারী সচিব (সফর/বাজেট/তহবিল/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৫. এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
০৬. বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক
০৭. অফিস কপি


11/04/2019
(সুবর্ণা শামীম)
সহকারী সচিব (এমইএ)